



# বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

## BANGLADESH NGO FOUNDATION

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/অর্থ:মন্ত্র:/৩৬/১৫/ ২৬

তারিখঃ ১২/০১/২০১৬ খ্রিঃ  
২৯/০৯/১৪২২ বাং

**বিষয়ঃ** জাতীয় জীবনের সর্বত্র একটি রাজস্ব বান্ধব সংস্কৃতি সৃজন সংক্রান্ত।

সূত্রঃ ১। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের, ১০ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ এর ৫৩.০০.০০০০.৪৩১.৯৯.০০১.১৫-৬০০ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব আদায়ের পাশাপাশি জাতীয় জীবনের সর্বত্র একটি 'রাজস্ব-বান্ধব সংস্কৃতি' গড়ে তোলার জন্য অনেক পদক্ষেপ গ্রহণ করেছে। রাজস্ব আদায় বৃদ্ধি করার জন্য রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ডিও পত্রে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে :

- নিয়মিতভাবে উৎসে আয়কর কর্তনের বিষয়টি নিশ্চিতকরণ;
- রাজস্ব (আয়কর, শুল্ক ও ভ্যাট) খাতে কোন বকেয়া থাকলে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা;
- তালিকাভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারদের রাজস্ব পরিশোধের রেকর্ড নিয়মিতভাবে যাচাই করা;
- রাজস্ব (আয়কর, শুল্ক ও ভ্যাট) পরিশোধের জন্য নতুন প্রকল্প গ্রহণকালে পর্যাপ্ত পরিমাণ অর্থের সংস্থান রাখা।

০২। এমতাবস্থায় বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের সকল সহযোগী সংস্থাসমূহকে রাজস্ব-বান্ধব সংস্কৃতি সৃজনে সচেষ্ট/উদ্বুদ্ধ হওয়ার জন্য অনুরোধ করা হলো।

  
(চন্দ্রনাথ বসাক)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন : ৯৮৮-৬৩৩৭

ই-মেইলঃ [md@ngofoundation.org.bd](mailto:md@ngofoundation.org.bd)

প্রধান নির্বাহী/নির্বাহী পরিচালক  
সকল সহযোগী সংস্থা।